সংবাদ

তারিখ · 27·OCT·2016
পৃষ্ঠা 2 কলাম 6

ছাত্রলীগের সংবর্ধনায় প্রধানমন্ত্রী

# তার দল দেশের ভাগ্য নিয়ে কাউকে খেলতে দেবে না

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, অপরাধীরা যাতে রাষ্ট্রীয় ক্ষমতায় আসতে না পারে সে ব্যাপারে সবাইকে সজাগ থাকতে হবে।

তিনি বলেন, 'রাজাকার, আলবদর, যুদ্ধাপরাধী, অর্থ পাচারকারী এবং এতিমের টাকা আত্মসাৎকারীরা কোনভাবেই যেন আবার ক্ষমতায় আসতে না পারে, এজন্য সবাইকে সজাগ থাকতে হবে। ...তারা ক্ষমতায় এলে আবারও এসব অপরাধ করবে।' বাসস।

এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী এবং আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেন, তার দল আর কাউকেই এদেশের জনগণের ভাগ্য নিয়ে ছিনিমিনি খেলতে দেবে না।

পুনরায় আওয়ামী লীগ সভাপতির দায়িত্ব গ্রহণ করায় গতকাল বিকেলে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনের লনে বাংলাদেশ ছাত্রলীগের উদ্যোগে আয়োজিত সংবর্ধনায় শেখ হাসিনা একথা বলেন।

অনুষ্ঠানে ছাত্রলীগ সভাপতি সাইফুর রহমান সোহাগ এবং সাধারণ সম্পাদক এসএম জাকির হোসেন বক্তৃতা করেন।

এ সময় অন্যান্যের মধ্যে আওয়ামী লীগের উপদেষ্টা পরিষদের সদস্য কাজী আকরাম উদ্দিন আহমেদ, সাংগঠনিক সম্পাদক এনামুল হক শামীম, যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয়, প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম ও প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী মাহবুবুল হক শাকিল উপস্থিত ছিলেন।